

🗏 আল-বাকারা | Al-Baqara | ٱلْبَقَرَة

আয়াতঃ ২:৬৮

💵 আরবি মূল আয়াত:

قَالُوا ادعُ لَنَا رَبَّكَ يُبَيِّن لَّنَا مَا هِي اللَّهَ عَالَ إِنَّهُ يَقُولُ إِنَّهَا بَقَرَةٌ لَّا فَارِضٌ وَ لَا بِكرٌ اللَّهُ عَوَانٌ بَينَ ذَٰلِكَ اللَّهُ فَافْعَلُوا مَا تُؤْمَرُونَ ﴿ ٤٨ ﴾

তারা বলল, 'তুমি আমাদের জন্য তোমার রবের নিকট দো'আ কর, তিনি যেন আমাদের জন্য স্পষ্ট করে দেন গাভীটি কেমন হবে'। সে বলল, 'নিশ্চয় তিনি বলছেন, নিশ্চয় তা হবে গরু, বুড়ো নয় এবং বাচ্চাও নয়। এর মাঝামাঝি ধরনের। সুতরাং তোমরা কর যা তোমাদেরকে নির্দেশ দেয়া হচ্ছে'। — আল-বায়ান

তারা বলল, 'আমাদের জন্য তোমার প্রতিপালককে স্পষ্টভাবে জানিয়ে দিতে বল তা কীরূপ'? মূসা বলল, 'আল্লাহ বলছেন, তা এমন এক গরু যা বৃদ্ধও নয় এবং অল্প বয়স্কও নয়- মধ্য বয়সী। সুতরাং যা (করতে) আদিষ্ট হয়েছ, তা পালন কর'। — তাইসিরুল

তারা বলেছিলঃ তুমি আমাদের জন্য তোমার রবের নিকট প্রার্থনা কর যে, তিনি আমাদেরকে যেন ওটা কি কি গুণ বিশিষ্ট হওয়া দরকার তা বলে দেন। সে বলেছিলঃ তিনি বলেছেন যে, নিশ্চয়ই সেই গরু বয়োঃবৃদ্ধ নয় এবং শাবকও নয়, এ দু'য়ের মধ্যবর্তী; অতএব তোমরা যেরূপ আদিষ্ট হয়েছ তা করে ফেল। — মুজিবুর রহমান

They said, "Call upon your Lord to make clear to us what it is." [Moses] said, "[Allah] says, 'It is a cow which is neither old nor virgin, but median between that,' so do what you are commanded." — Sahih International

৬৮. তারা বলল, আমাদের জন্য তোমার রবকে আহবান কর তিনি যেন আমাদেরকে স্পষ্ট করে জানিয়ে দেন, সেটা কিরূপ? মূসা বললেন, আল্লাহ বলছেন, সেটা এমন গাভী যা বৃদ্ধও নয়, অল্পবয়স্কও নয়, মধ্যবয়সী। অতএব তোমাদেরকে যে আদেশ করা হয়েছে তা পালন কর"।

তাফসীরে জাকারিয়া

৬৮। তারা বলল, 'আমাদের জন্য তোমার প্রতিপালককে স্পষ্টরূপে জানিয়ে দিতে বল, ঐ গাভীটি কিরূপ?' মূসা বলল, 'আল্লাহ বলছেন, এ এমন একটি গাভী যা বৃদ্ধা নয়, অল্প বয়স্কও নয়, মধ্য বয়সী। অতএব তোমরা যা আদেশ পেয়েছে তা পালন কর।'



🗘 hadithbd.com — কুরআন — আল-বাকারা। Al-Baqara । ٱلْبَقَرَة

_

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=75

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন